যুগান্তর

তারিখ ... 26 DEC 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

চট্টগ্রাম কলেজিয়েট স্কুলে ভর্তি

# প্রকাশের আগেই ফল ফাঁসের ঘটনায় মামলা

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম সরকারি কলেজিয়েট স্কুলের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের আগেই ফাঁসের ঘটনায় স্কুলটির ২ সহকারী শিক্ষক ও ২টি কোচিং সেন্টারের পরিচালকসহ ৬ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে জেলা প্রশাসন। রোববার নগরীর সদরঘাট থানায় মামলাটি করা হলেও সোমবার সন্ধ্যায় এ রিপোর্ট লেখা পর্যন্ত আসামিদের কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ।

বৃহস্পতিবার জেলা প্রশাসক স্বাক্ষর করার আগেই সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ফল ফাঁস হয়ে পড়ে। এ ঘটনায় সমালোচনার ঝড় ওঠে। পরে তদন্ত শেষে জেলা প্রশাসনের পক্ষ থেকে নগরীর সদরঘাট থানায় জড়িতদের বিরুদ্ধে মামলাটি দায়ের করা হয়। তবে মামলার পরও আসামিরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছেন বলে অভিযোগ উঠেছে।

এ প্রসঙ্গে সদরঘাট থানার ওসি মর্জিনা আকতার যুগান্তরকে বলেন, 'জেলা প্রশাসনের উচ্চমান সহকারী সজল কান্তি মজুমদার বাদী হয়ে ফল ফাঁসের ঘটনায় ৬ জনের বিরুদ্ধে অফিসিয়াল সিক্রেসি অ্যাক্টে মামলা দায়ের করেন। আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে।'

সূত্র জানায়, বৃহস্পতিবার রাত সাড়ে ১২টায় সরকারিভাবে চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের পঞ্চম শ্রেণীর ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হলেও এর আগেই সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে সেই ফল। এ পরিপ্রেক্ষিতে তদন্তে নেমে জেলা প্রশাসন বের করেছে ফল ফাঁসের সঙ্গে জড়িতদের। এর সঙ্গে কলেজিয়েট স্কুলের দুই শিক্ষকও জড়িত রয়েছেন। জড়িতরা হলেন কলেজিয়েট স্কুলের সহকারী শিক্ষক মো. আনোয়ার হোসেন ও সহকারী শিক্ষক আনিছ ফারুক। স্কুলের উচ্চমান সহকারী মো. ফারুক আহমেদ ও কম্পিউটার অপারেটর রিদুয়ানুল হককেও ফল ফাঁসের জন্য দায়ী করেছে জেলা প্রশাসন। এছাড়া 'বাবলা স্যার কোচিং সেন্টার'র পরিচালক বাবলা দে ও 'মামুন কোচিং সেন্টার'র পরিচালক মামুনও এর সঙ্গে জড়িত বলে জেলা প্রশাসনের তদন্তে বেরিয়ে এসেছে।

এ ঘটনায় স্কুলের কম্পিউটার অপারেটর রিদুয়ানুল হককে বরখাস্ত করেছে জেলা প্রশাসন। পাশাপাশি স্কুলের চার শিক্ষক-কর্মচারী ও দুই কোচিং সেন্টার পরিচালকের বিরুদ্ধে নগরীর সদরঘাট থানায় মামলা দায়ের করে জেলা প্রশাসন।

সোমবার সন্ধ্যায় অতিরিক্ত জেলা প্রশাসক মো. হাবিবুর রহমান (শিক্ষা ও আইসিটি) এসব তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রকাশিত ফল এবং পরে সরকারিভাবে প্রকাশিত ফল অভিন্ন। সম্পূর্ণ নিয়মতান্ত্রিক উপায়ে স্বচ্ছতার সঙ্গে এ ফল প্রস্তুত করা হয়েছে। তাই এক্ষেত্রে অভিভাবক ও সংশ্লিষ্ট সবাইকে বিভ্রান্ত না হওয়ার অনুরোধ জানান তিনি।